গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ (আইএমইডি)
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭

**বিষয় : ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির বিষয়ে আইএমইডি'র সুপারিশ/মতামত**

**পরিদর্শনের তারিখ: ২৪/০৫/২০১৮ ও ২৪/০৬/২০১৮**

**পরিদর্শনকারী কর্মকর্তার নাম:** মোহাম্মদ এনামুল আহসান **পদবী :** উপপরিচালক সেক্টর: ৭

পরিদর্শনের স্থান : জয়দেবপুর, গাজীপুর।

১। প্রকল্পের নাম : "বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপন প্রকল্প" প্রকল্প ।

২। বাস্তবায়নকারী সংস্থা : বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি)

৩। উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ : বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন।

৪। প্রকল্পের অবস্থান : বেতনবুনিয়া, রাঙ্গামাটি ও জয়দেবপুর, গাজীপুর।

৫। প্রকল্পের ধরন (বিনিয়োগ / কারিগরি সহায়তা / সমীক্ষা) : বিনিয়োগ

৬। অর্থায়নের উৎস (জিওবি/ প্রকল্প সাহায্য/জেডিসিএফ/স্ব অর্থায়ন/অন্যান্য) : জিওবি ও প্রকল্প সাহায্য

৭। উন্নয়ন সহযোগী : HSBC (ECA ফাইনান্সিং)

৮। প্রকল্পের **উদ্দেশ্য** :

(ক) বাংলাদেশের জন্য সর্বপ্রথম কমিউনিকেশন এবং ব্রডকাস্টিং স্যাটেলাইট উৎক্ষেপন;

(খ) গ্রাম পর্যায় পর্যন্ত ব্রডকাস্টিং ও টেলিযোগাযোগ (ব্রডব্যান্ডসহ) সেবা প্রদান করে ডিজিটাল ডিভাইড কমিয়ে আনা;

(গ) সারা দেশে প্রতিশ্রুতিশীল লাভজনক নতুন সেবা যেমন- Direct to Home (DTH) ব্রডকাস্টিং চালুকরণ;

(ঘ) দেশে বিদ্যমান Terrestrial Backbone Network এর সমান্তরাল এবং ব্যাক-আপ হিসাবে স্যাটেলাইট কমিউনিকেশন সিস্টেম এর ব্যবহার;

(ঙ) বাণিজ্যিক বাজার এবং আন্তর্জাতিক লীজের মাধ্যমে বৈদেশিক মুদ্রা উপার্জনে সুযোগ সৃষ্টি করা;

(চ) দেশের টিভি চ্যানেলগুলো ব্রডকাস্টিং এর জন্য আন্তর্জাতিক ব্যান্ড উইথ ক্রয়ে বৈদেশিক মুদ্রা ব্যয় হ্রাসকরণ;

(ছ) স্যাটেলাইট রক্ষণাবেক্ষণ ও পরিচালনার জন্য একটি নতুন কোম্পানী তৈরি; এবং

(জ) নতুন কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি ও তথ্য প্রযুক্তি নির্ভর ব্যবসার পরিধি বৃদ্ধি।

৯। **প্রাক্কলিত ব্যয়:**

| বিষয় | অনুমোদিত প্রাক্কলিত ব্যয় | | | | বাস্তবায়ন কাল | অনুমোদনের তারিখ | *পরিবর্তন(+/-) | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | মোট | জিওবি | প্র:সা: | অন্যান্য | | | ব্যয় (%) | মেয়াদ(%) |
| মূল | ২৯৬৭৭.৭৯৫, | ১৩১৩৫.৫৫১, | ১৬৫৪২.২৪৪, | - | ০১/০৭/২০১৪ হতে ৩০/০৬/২০১৭ | ১৬/০৯/২০১৪ | - | - |
| সংশোধিত (১ম) (প্রযোজ্য ক্ষেত্রে) | ২৭৬২৫.৫৬৬, | ১৪,৬৯০৫৩. | ১৩৫৭২.৮৭৫, | - | ০১/০৭/২০১৪ হতে ৩০/০৬/২০১৮ | ১৯/০২/২০১৮ | ৮২.৬% | ৩৩.৩৩% |
| ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধি | ২৭৬২৫.৫৬৬, | ১৪,৬৯০৫৩. | ১৩৫৭২.৮৭৫, | | ০১/০৭/২০১৪ হতে ৩০/০৬/২০১৮ | | - | - |

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| জ্য | | | | | | | | |

স্তবায়ন কাল:

| | | | |
|---|---|---|---|
| মূল অনুমোদিত | ঃ | ০১/০৭/২০১৪ | ৩০/০৬/২০১৭ |
| ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে বর্ধিত (প্রযোজ্য ক্ষেত্রে) | | ০১/০৭/২০১৪ (১ম সংশোধিত) | ৩০/০৬/২০১৮ (১ম সংশোধিত) |
| প্রস্তাবিত | ঃ | ০১/০৭/২০১৪ | ৩১/১২/২০১৮ |

১১। প্রকল্পের পটভূমি:

বিশ্বের উন্নত ও উন্নয়নশীল দেশগুলোর অধিকাংশই নিজস্ব স্যাটেলাইট উৎক্ষেপণের মাধ্যমে টেলিকমিউনিকেশন, ব্রডকাস্টিং, মেটোরিওলোজি, প্রতিরক্ষা, টেলিমেডিসিন এবং গবেষণা ইত্যাদি কার্যক্রমে ব্যাপক পরিবর্তন এনেছে। কিন্তু বিশ্বের সবচেয়ে ঘন জনবসতিপূর্ণ দেশ বাংলাদেশের নিজস্ব কোন স্যাটেলাইট নেই। ফলে দেশের স্যাটেলাইট টিভি অপারেটরগণ বিদেশের বিভিন্ন স্যাটেলাইট অপারেটরদের কাছ থেকে ব্যান্ডউইথ ভাড়া করে ব্রডকাস্টিং এবং কমিউনিকেশন্স চাহিদা পূরণ করছে। এতে প্রতিবছর প্রচুর বৈদেশিক মুদ্রা ব্যয় হচ্ছে। দেখা যায় যে, শুধুমাত্র ব্রডকাস্টিং –এর জন্য বছরে প্রায় ১৪ মিলিয়ন ইউএস ডলার (প্রায় ১১০.০০ কোটি টাকা) ব্যয় হচ্ছে। ব্রডকাস্টিং ও টেলিকমিউনিকেশন-এর চাহিদা প্রতিবছর উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পাওয়ায় এই ব্যয় ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। এছাড়া, এভাবে ভাড়ায় বিদেশ হতে সীমাবদ্ধ ব্যান্ডউইথ ক্রয় করে দেশের ক্রমবর্ধমান চাহিদা পূরণ করা সম্ভব হবে না। ফলে বাংলাদেশের জন্য একটি নিজস্ব স্যাটেলাইট উৎক্ষেপণ প্রয়োজন হয়ে পড়ে। এ প্রেক্ষিতে আইসিটি পলিসি, ২০০৯-তে বিটিআরসি-কে স্যাটেলাইট উৎক্ষেপণের দায়িত্ব দেয়া হয়। সে অনুযায়ী প্রস্তাবিত বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণের প্রাথমিক পদক্ষেপ হিসেবে বিটিআরসি "Preparatory Functions and Supervision in Launching a Communication and Broadcasting Satellite" শীর্ষক প্রকল্পের আওতায় আন্তর্জাতিক পরামর্শক নিয়োগ করে। পরামর্শক প্রতিষ্ঠান প্রস্তাবিত বঙ্গবন্ধু স্যাটেলাইটটির প্রাথমিক ডিজাইন, সম্ভাব্য ব্যয়, বাজার সমীক্ষা, গ্রাহক সংখ্যা, স্যাটেলাইটটি পরিচালনার জন্য কোম্পানীর রূপরেখা ইত্যাদি সম্পন্ন করে। উৎক্ষেপিতব্য স্যাটেলাইটটিতে মোট ৪০টি ট্রান্সপন্ডারের মধ্যে বাংলাদেশের ক্রমবর্ধমান চাহিদা মেটানোর জন্য ৫০% ক্যাপাসিটি রাখা হয়েছে। অবশিষ্ট ৫০% ক্যাপাসিটি দেশের বাহিরে কভারেজভুক্ত দেশসমূহে বাজারজাত করে বৈদেশিক মুদ্রা আয় করা হবে। মূল স্যাটেলাইট প্রস্তুত করণ, উৎক্ষেপণ ও উৎক্ষেপন পরবর্তী পরিচালনা ও রক্ষণাবেক্ষণের উদ্দেশ্যে আলোচ্য প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

১২। **প্রকল্পটির অনুমোদনের অবস্থা :** গত ১৬/০৯/২০১৪ তারিখে অনুষ্ঠিত একনেক সভায় অত্র প্রকল্পটি অনুমোদিত হয়।

১৩। **প্রকল্পটির বাস্তবায়ন অগ্রগতি :**

১৩.১ প্রকল্প অফিস হতে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে দেখা যায় যে, প্রকল্পের জুন, ২০১৭ পর্যন্ত ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৮৮,৮৯৪.৫১ লক্ষ টাকা, যা মোট প্রকল্প ব্যয়ের ৩২.১৪%। ২০১৭-২০১৮ অর্থবছরে সংশোধিত এডিপিতে প্রকল্পটির অনুকূলে বরাদ্দ রয়েছে ৫১,৮০০.০০ লক্ষ টাকা। মে, ২০১৮ পর্যন্ত ব্যয় হয়েছে ৬৯১৭.৯৬ লক্ষ টাকা যা বরাদ্দের ১৩.৩৬% এবং ক্রমপুঞ্জিত বাস্তব অগ্রগতি ৪৫.৫%।

১৩.২ প্রকল্পের অংগভিত্তিক বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপঃ

(লক্ষ টাকায়)

| ক্রমিক নং এবং ডিপিপি/টিপিপি অনুসারে অংগের নাম (পরিমানসহ) | প্রাক্কলিত ব্যয় | ক্রমপুঞ্জিত অগ্রগতি (জুন' ২০১৭) | | বর্তমান অর্থবছরে লক্ষ্যমাত্রা | | বর্তমান অর্থবছরে মে' ২০১৮ পর্যন্ত অগ্রগতি | |
|---|---|---|---|---|---|---|---|
| | | আর্থিক | বাস্তব (অংগের%) | আর্থিক | বাস্তব (অংগের%) | আর্থিক | বাস্তব (অংগের%) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| রাজস্ব ব্যয়ঃ | | | | | | | |
| কর্মকর্তাদের বেতন | ৭০.০০ | ৫.৫৭ | ৭.৯৬ | ৬৪.৪৩ | ৯২.০৪ | ২.৭৫ | ৪.২৭ |
| কর্মচারীদের বেতন | ২৫.০০ | ৮.১৫ | ৩২.৬০ | ১৬.৮৫ | ৬৭.৪০ | ১২.২৫ | ৭২.৭০ |
| ভাতাদি (ইন্টার্নি-৬ জন সহ) | ৯০.০০ | ১০.৭২ | ১১.৯১ | ৭৯.২৮ | ৮৮.০৯ | ৭.৮৬ | ৯.৯১ |
| ভ্রমন ব্যয় | ১,০০০.০০ | ১১৯.২৬ | ১১.৯৩ | ৮৮০.৭৪ | ৮৮.০৭ | ৩৭৩.৩৩ | . ৪২.৩৯ |
| ওভারটাইম | ৫.০০ | - | - | ৫.০০ | ১০০.০০ | - | - |

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| রেন্ট ইকুইপমেন্ট | ৪৫,১৩৮.৭১ | ৩৫,৩০৪.১০ | ৭৮.২১ | ২,৩৫২.৯০ | ৫.২১ | ২,৩৫৭.৪৭ | ১০০.১৯ |
| টেলাইট/ফ্রিকুইন্সি | ৬,০০০.০০ | ৮২৭.০৬ | ১৩.৭৮ | ৫,১৭২.৯৪ | ৮৬.২২ | - | - |
| অন্যান্য ট্যাক্স | ৯,০০০.০০ | ৪৫৫৩.৮২ | ৫০.৬০ | ৪,৩০৯.০৫ | ৪৭.৮৮ | ৫৭.১৩ | ১.৩৩ |
| ডাক | ৩.০০ | - | - | ৩.০০ | ১০০.০০ | - | - |
| টেলিফোন | ২.৪০ | - | - | ২.৪০ | ১০০.০০ | - | - |
| টেলেক্স/ফ্যাক্স/ইন্টারনেট | ৬.০০ | - | - | ৬.০০ | ১০০.০০ | - | - |
| রেজিস্ট্রেশন ফি | ৫.০০ | ২.৩১ | ৪৬.২০ | ২.৬৯ | ৫৩.৮০ | - | - |
| বিদ্যুত | ১২.০০ | - | - | ১২.০০ | ১০০.০০ | - | - |
| ফুয়েল এবং গ্যাস | ৩০.০০ | ০.০৭ | ০.২৩ | ২৯.৯৩ | ৯৯.৭৭ | ১.৭০ | ৫.৬৮ |
| ইন্সুরেন্স/ব্যাংক চার্জ | ৩০,৭৩৭.৪২ | ৬০০.০০ | ১.৯৫ | ৫৪৩.২৬ | ১.৭৭ | ১৪৮.০৯ | ২৭.২৬ |
| স্টেশনারি, সিল ও স্ট্যাম্পস | ৩.০০ | ১.২০ | ৪০.০০ | ১.৮০ | ৬০.০০ | ০.৫৮ | ৩২.২২ |
| বই এবং সাময়িকী | ২.০০ | - | - | ২.০০ | ১০০.০০ | - | - |
| অডিও,ভিডিও/চলচিত্র নির্মাণ | ৫০.০০ | - | - | ৫০.০০ | ১০০.০০ | - | - |
| বিজ্ঞাপন এবং প্রচার | ১,০০০.০০ | ২.৮০ | ০.২৮ | ৯৯৭.২ | ৯৯.৭২ | ৮.৪১ | ০.৮৪ |
| প্রশিক্ষন ব্যয় | ৮০০.০০ | ৬১.৭২ | ৭.৭২ | ৭৩৮.২৮ | ৯২.২৯ | ১০.৫১ | ১.৪২ |
| সেমিনার, কনফারেন্স ব্যয় | ৩০.০০ | ০.৮৪ | ২.৮০ | ২৯.১৬ | ৯৭.২০ | - | - |
| আপ্যায়ন ব্যয় | ১৫.০০ | ৯.৫৪ | ৬৩.৬০ | ৫.৪৬ | ৩৬.৪০ | - | - |
| কনসালটেন্সি | ১২৫.০০ | ৩৪.২৪ | ২৭.৩৯ | ৯০.৭৬ | ৭২.৬১ | ৪৬.৬৫ | ৫১.৪০ |
| নিরাপত্তা প্রহরী | ১৪৮.৯১ | - | - | ১৪৪.৮৩ | ৯৭.২৬ | - | - |
| লিগ্যাল এক্সপেন্সেস্ | ১৩০.০০ | ২৯.৬৮ | ২২.৮৩ | ১০০.৩২ | ৭৭.১৭ | ৩০.৩০ | ৩০.২০ |
| সম্মানী | ১৫.০০ | ৮.৬২ | ৫৭.৪৭ | ৬.৩৯ | ৪২.৬০ | ১.৫৯ | ২৪.৮৮ |
| কম্পিউটার কনজুমাবলস্ | ২.৫০ | - | - | ২.৫০ | ১০০.০০ | - | - |
| অনুষ্ঠান/ উৎসবাদী | ৪৩০.০০ | - | - | ৪২৩.৯২ | ৯৮.৫৯ | - | - |
| অন্যান্য ব্যয় | ২০৬৯.১৪ | ২,৬৭৪.৫৩ | ১২৯.২৬ | ১,২৪৬.৬৩ | ৬০.২৫ | ৮৬৪.৬৭ | ৬৯.৩৬ |
| মটর ভেহিকেল | ১০.০০ | - | - | ১০.০০ | ১০০.০০ | - | - |
| কম্পিউটার ও অফিস সরঞ্জাম্ | ৫.০০ | - | - | ৫.০০ | ১০০.০০ | - | - |
| ওভারড্রাফট কারেন্ট (ওডি কারেন্ট) এর সুদ | ২,২৪৯.৬৫ | - | - | - | | - | - |
| বৈদেশিক ঋণের উপর সুদ | ৩৯০.০০ | - | - | ৩৯০.০০ | ১০০.০০ | - | - |
| বেতন বাবদ সহায়তা | ৬.৭০ | - | - | ৬.৭০ | ১০০.০০ | - | - |
| আন্তর্জাতিক সংস্থায় চাঁদা (আইটিইউ ফি) | ১০০.০০ | - | - | ১০০.০০ | ১০০.০০ | - | - |
| মাল খালাস ও সারনো খরচ | ৫০০.০০ | - | - | ৪৫২.৮১ | ৯০.৫৬ | - | - |
| রাজস্ব ব্যয় (OPEX) | ২১,১০২.৩৭ | ৩,২১৮.৩২ | ১৫.২৫ | ১৭,৮১৫.৭৭ | ৮৪.৪৩ | ১,৩৪৭.৭২ | ৭.৫৬ |
| উপ-মোট (রাজস্ব ব্যয়) | ১২১,৩০৮.৮০ | ৪৭,৪৭২.৫৫ | ৩৯.১৩ | ৩৬,১০০.০০ | ২৯.৭৬ | ৫,২৭১.০২ | ১৪.৬০ |
| **মূলধন ব্যয়ঃ** | | | | | | - | - |
| মটর ভেহিকেল | ১১৩.০০ | ১০০ | ৮৮.৫০ | ১.২৯ | ১.১৪ | - | - |
| কম্পিউটার এবং যন্ত্রাংশ | ১৬.৮৫ | ৭.৩০ | ৪৩.৩২ | ৯.৫৫ | ৫৬.৬৮ | ০.৪৫ | ৪.৭১ |
| কম্পিউটার সফটওয়্যার | ৬.০০ | ১.৫৪ | ২৫.৬৭ | ৪.৪৬ | ৭৪.৩৩ | - | - |
| অফিস ইকুইপমেন্ট | ৮.০০ | ৪.১১ | ৫১.৩৮ | ৩.৩৯ | ৪২.৩৮ | - | - |
| ফার্নিচার এবং ফিকচার | ৪.০০ | ০.৬৭ | ১৬.৭৫ | ৩.৩৩ | ৮৩.২৫ | - | - |
| টেলিকমিউনিকেশন ইকুইপমেন্ট | ১২৮,০৭৩.১৯ | ৩৫৯৬৫.১৮ | ২৮.০৮ | ১১,৪৮০.০০ | ৮.৯৬ | - | - |
| অন্যান্য | ১,২০০.০০ | ৫৭.৭৬ | ৪.৮১ | ১,১৯৯.৪৪ | ৯৯.৯৫ | ১.১১ | ০.০৯ |
| ভূমি অধিগ্রহণ/ক্রয় | ১,৮০০.০০ | ১,৮০০.০০ | ১০০.০০ | - | - | - | - |
| নির্মান ও পূর্ত কাজ | ২০,৩১৬.৪১ | ২,৮২৪.৪ | ১৩.৯০ | - | - | - | - |
| বৈদ্যুতিক স্থাপনা | ১০০.০০ | - | - | ৬৬.৩০ | ৬৬.৩০ | - | - |
| টেলিগ্রাফ ও টেলিফোন | ১০০.০০ | - | - | ১০০.০০ | ১০০.০০ | - | - |
| সিটি কর্পোরেশন | ২০.০০ | - | - | ১৪.২৫ | ৭১.২৫ | - | - |
| সিডি/ভ্যাট | ৩,০০০.০০ | ৬৫৯.৬৫ | ২১.৯৯ | ২,৩৪০.০০ | ৭৮.০০ | ১,৬৪৫.৩৯ | ৭০.৩২ |
| বিবিধ মূলধন ব্যয় | ৫০০.০০ | ১.৩৫ | ০.২৭ | ৪৭৭.৯৯ | ৯৫.৬০ | - | - |
| উপ-মোট (মূলধন ব্যয়) | ১৫৫,২৫৭.৪৫ | ৪১,৪২১.৯৬ | ২৬.৬৮ | ১৫,৭০০.০০ | ১০.১১ | ১,৬৪৬.৯৪ | ১০.৪৯ |
| সর্বমোট | ২৭৬,৫৬৬.২৫ | ৮৮,৮৯৪.৫১ | ৩২.১৪ | ৫১,৮০০.০০ | ১৮.৭৩ | ৬,৯১৭.৯৬ | ১৩.৩৬ |


E:\Enamul Ahsan\Time Extention\Time Exte Report Bangabandhu satellite.docx

১৩.৩। বছর ভিত্তিক সংস্থান, বরাদ্দ, অবমুক্তি ও আর্থিক ব্যয় ঃ

(লক্ষ টাকায়)

| অর্থ বছর | মূল/সর্বশেষ সংশোধিত অনুমোদিত ডিপিপি/টিপিপিতে সংস্থান | মূল/সংশোধিত এডিপি বরাদ্দ (*) | অবমুক্তকৃত টাকা (*) | আর্থিক ব্যয় |
|---|---|---|---|---|
| | মোট (টাকা) | মোট (টাকা) | | মোট (টাকা) |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ২০১৪-২০১৫ | ৪,৪১৯.৮০ | ৪,৫০০.০০ | ৪,৫০০.০০ | ৪,৪১৯.৮০ |
| ২০১৫-২০১৬ | ৮৬,১২৫.৮৩ | ৪২,০৫০.০০ | ৪১,৬০৫.০০ | ৪১,৩৭১.৬৯ |
| ২০১৬-২০১৭ | ৯৪,৪৯৬,০৮ | ৪৭,১৪৩.০০ | ৪৫,৫৭৩.১৮ | ৪৩১,০৩.০২ |
| ২০১৭-২০১৮ | ৯১,৫২৪.৫৫ | ৫১,৮০০.০০ | ৫০,৫৫২.৫৮ | ৬৯,১৭.৯৬ |
| সর্বমোট ঃ | ২,৭৬৫৬৬.২৫ | | | |


<u>প্রকল্প এলাকায় বাস্তবায়ন কার্যক্রমের স্থিরচিত্র (সংগৃহিত)</u>




চিত্র-১: প্রকল্পের আওতায় নির্মিতব্য স্যাটেলাইটের ৩-ডি চিত্র




চিত্র-২: জয়দেবপুর, গাজীপুর গ্রাউন্ড স্টেশনের ফটক



চিত্র-৩: গ্রাউন্ড স্টেশন



চিত্র-৪: রিসিভার এন্টেনা

১৪। **প্রকল্পটির মেয়াদ বৃদ্ধির যৌক্তিকতাঃ**

ডাক ও টেলিযোগাযোগ বিভাগ হতে প্রেরিত ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির প্রস্তাবে যে কারণে প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে তার যৌক্তিকতা:

১৪.১ বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) কর্তৃক বাস্তবায়নাধীন "বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ প্রকল্প" শীর্ষক প্রকল্পের আওতায় বঙ্গবন্ধু স্যাটেলাইট- ১ উৎক্ষেপণের মূল কাজগুলো সম্পন্ন করার জন্য বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ শীর্ষক একটি প্রকল্পের (DPP) প্রস্তুত করা হয়। দীর্ঘ প্রক্রিয়ার পর গত ১৬/০৯/২০১৪ তারিখে একনেক কর্তৃক "বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ প্রকল্প" অনুমোদিত হয়েছে। বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ প্রকল্পের প্রধান অংগসমূহ হলো ঃ স্যাটেলাইট নির্মাণ, উৎক্ষেপণ, দুটি গ্রাউন্ড স্টেশন স্থাপন ও ফ্যাসিলিটি নির্মাণ, স্যাটেলাইট পরিচালনার জন্য একটি আন্তর্জাতিক মানের কোম্পানী

গঠন, প্রয়োজনীয় বীমা সংগ্রহ, অরবিটাল স্লট লীজ/ক্রয় এবং প্রকল্প ব্যবস্থাপনা। বঙ্গবন্ধু স্যাটেলাইট সিস্টেম ক্রয়ের উদ্দেশ্যে "স্যাটেলাইট উৎক্ষেপণ প্রস্তুতিমূলক প্রকল্প" শীর্ষক প্রকল্পের বৈদেশিক পরামর্শক প্রতিষ্ঠান Space Partnership International (SPI), USA এর সহায়তায় বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর কারিগরী বিনির্দেশ ও দরপত্র চূড়ান্ত করা হয়। SPI প্রণীত টেন্ডার দলিলের ভিত্তিতে মার্চ ২০১৫ তে আন্তর্জাতিক টেন্ডার আহবান করা হলে আমেরিকা যুক্তরাষ্ট্র, ফ্রান্স, কানাডা ও চীন এর মোট ০৪ টি স্যাটেলাইট প্রস্তুতকারী প্রতিষ্ঠান অংশগ্রহণ করে। মূল্যায়ন কমিটির বিচার বিশ্লেষণের পর ফ্রান্সের থ্যালাস এলেনিয়া স্পেস কোম্পানী সফল দরদাতা হিসেবে নির্বাচিত হয়। ২০১৫ সালের ২০ অক্টোবর সরকারি ক্রয় সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি স্যাটেলাইট সিস্টেম ক্রয় প্রস্তাবটির অনুমোদন দেওয়ার পর ১১ নভেম্বর ২০১৫ তারিখে মাননীয় ডাক ও টেলিযোগাযোগ প্রতিমন্ত্রী সহ সংসদীয় কমিটির মাননীয় সদস্যবৃন্দ, কুটনীতিক ও দেশের বিশিষ্ট নাগরিক দের উপস্থিতিতে "Thales Alenia Space, France (TAS)" এর সাথে স্যাটেলাইট সিস্টেম ক্রয়ের চুক্তি স্বাক্ষরিত হয়। বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর কারিগরী বিনির্দেশ অনুযায়ী "বঙ্গবন্ধু স্যাটেলাইট" মোট ৪০ টি ট্রান্সপন্ডার থাকবে। তন্মধ্যে ১৪ টি C Band এবং ২৬ টি KU Band ট্রান্সপন্ডার। ১১৯.১০ পূঃ দ্রাঃ অরবিটাল লোকেশনে সফল তরঙ্গ সমন্বয় (Frequency Coordination) সাপেক্ষে বাংলাদেশ, সার্কভুক্ত দেশসমূহ, ইন্দোনেশিয়া, ফিলিপাইন এবং "স্তান" ভুক্ত দেশসমূহের অংশ বিশেষ কাভারেজের আওতায় আসবে।

চুক্তি অনুযায়ী TAS বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর নির্মান কাজ শুরু করে। নির্ধারিত লক্ষ্যমাত্রা অনুযায়ী বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর উৎক্ষেপণের লক্ষ্যমাত্রা ছিল ডিসেম্বর/২০১৭। সে লক্ষ্যে গত নভেম্বর/২০১৭ তেই বঙ্গবন্ধু স্যাটেলাইটের মূল অংশের নির্মাণ কাজ সম্পন্ন করা হয়। এছাড়া স্যাটেলাইটটি পরিচালনার জন্য গাজীপুর এবং বেতবুনিয়ায় ০২ টি গ্রাউন্ড কন্ট্রোল স্টেশন নির্মাণ করা হয়। পরবর্তীতে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ মহাকাশে উৎক্ষেপণকারী প্রতিষ্ঠান যুক্তরাষ্ট্রের Space Exploration Technologies Corp. (SpaceX), USA এর উৎক্ষেপণর সময়সূচী নির্ধারিত হয় মার্চ/২০১৮। নানান কারিগরী জটিলতায় এই সময়সূচী কয়েক দফা পিছিয়ে যাওয়ার পর গত ১২ মে ২০১৮ তারিখে বাংলাদেশ সময় রাত ২:১৪ মিনিট (যুক্তরাষ্ট্রের স্থানীয় সময় বিকাল ৪:১৪ মিনিট) এ ফ্লোরিডার কেইল ক্যানাভেরাল এ অবস্থিত লঞ্চ প্যাড LC-39A থেকে Falcon 9 লঞ্চ ভেহিকেল ব্যবহার করে বঙ্গবন্ধু স্যাটেলাইট -১ মহাকাশে সফলভাবে উৎক্ষেপণ করা হয়।

উৎক্ষেপণ পরবর্তী কাজের মধ্যে রয়েছে Launch and Early Operational Phase (LEOP), In Orbit Test (IOT), Network Acceptance, Satellite Handover । এসকল কাজগুলি চুক্তি অনুযায়ী প্রকল্পের আওতায় TAS ই সম্পন্ন করবে। ইতোমধ্যে সফলভাবে স্যাটেলাইট উৎক্ষেপণের পর গত ২২/০৫/২০১৮ তারিখের মধ্যে LEOP সম্পন্ন করা হয়েছে। বর্তমানে গাজীপুর হতে TAS এর কারিগরী বিশেষজ্ঞদের তত্ত্বাবধানে IOT কার্যক্রম চলমান আছে। LEOP সম্পন্ন হওয়ার পর আগামী আগস্ট/২০১৮ মাসের মধ্যে Network Acceptance সম্পন্ন হবে বলে TAS জানিয়েছে। এসকল কারিগরী পরীক্ষা নিরীক্ষা সম্পন্ন করে স্যাটেলাইটটি চূড়ান্তভাবে আগামী সেপ্টেম্বর/২০১৮ নাগাদ হস্তান্তর করতে পারবে বলে TAS মৌখিকভাবে প্রকল্প দপ্তর কে জানিয়েছে। উল্লেখ্য যে, এসকল কার্যক্রম প্রকল্পের কাজের আওতাভুক্ত এবং ডিসেম্বর/২০১৭ তে স্যাটেলাইট উৎক্ষেপন করা হলে গত মার্চ/২০১৮ তারিখের মধ্যে এসকল কার্যক্রম সমাপ্ত করে জুন/২০১৮ এর মধ্যে প্রকল্পের কার্যক্রম সমাপ্ত করা সম্ভব ছিল। কিন্তু স্যাটেলাইট মে/২০১৮ তে উৎক্ষেপণ হওয়ায় এসকল কার্যক্রম সমাপ্ত করতে সেপ্টেম্বর/২০১৮ পর্যন্ত সময় লাগবে বিধায় প্রকল্পের মেয়াদ বৃদ্ধি করা প্রয়োজন। এমতাবস্থায়, বর্ণিত বিষয়গুলি বিবেচনায় নিয়ে "বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ প্রকল্প" শীর্ষক প্রকল্পটির মেয়াদ আগামী ডিসেম্বর/২০১৮ তারিখ পর্যন্ত ৬(ছয়) মাস বৃদ্ধি করা প্রয়োজন।

১৪.২ বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ কক্ষপথে উৎক্ষেপণ করার জন্য গত ১৫/০১/২০১৫ তারিখে রাশিয়ার Intersputnik এর নিকট হতে ১১৯.১° পূর্ব দ্রাঘিমা অরবিটাল স্লটটি ক্রয়/লীজ চুক্তি করা হয়। ইতোমধ্যে উক্ত চুক্তিমূল্যের ১৪ মিলিয়ন মার্কিন ডলার সমমূল্যের অর্থ দুইটি কিস্তির মাধ্যমে পরিশোধ করা হয়েছে (মোট চুক্তিমূল্য ২৮ মিলিয়ন মার্কিন ডলার)। ৩য় কিস্তির টাকা আগামী ১৫/০৭/২০১৮ তাখির মধ্যে কার্যাবলী সম্পাদন সাপেক্ষে পরিশোধ করতে হবে বলে Intersputnik জানিয়েছে। চূড়ান্ত ০১ টি কিস্তির টাকা নিম্নলিখিত কার্যাবলী সম্পাদন সাপেক্ষে পরিশোধ করার বাধ্যবাধ্যকতা রয়েছে ঃ

১১৯.১° পূর্ব দ্রাঘিমা অরবিটাল স্লটে বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ এর তরঙ্গ ১১৯.১° পূর্ব দ্রাঘিমা অরবিটাল স্লটে Intersputnik এর বরাদ্দকৃত তরঙ্গের সাথে সমন্বয় সাপেক্ষে Master International Frequency Register (MIFR) এ রেজিস্ট্রেশন সম্পন্ন হলেই Intersputnik হতে প্রাপ্ত ইনভয়েসের বিপরীতে তাদের কে প্রদান করতে হবে। প্রকল্পের মেয়াদ ০৬ মাস বৃদ্ধি পেলে উক্ত সময়ের মধ্যে অবশিষ্ট ০২ টি কিস্তির সকল টাকা পরিশোধ করা সম্ভব হবে। এমতাবস্থায়, প্রকল্পের মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে আরো ০৬ (ছয়) মাস অর্থাৎ ৩১ ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত বৃদ্ধি করা প্রয়োজন।

১৪.৩ উপর্যুক্ত অসুবিধার কথা বিবেচনায় রেখে প্রকল্পে কাজ সুষ্ঠূভাবে সম্পন্ন করার জন্য প্রকল্পের মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে ০১ বছর অর্থাৎ জুন, ২০১৮ পর্যন্ত বৃদ্ধির প্রস্তাব করা হয়েছে।

**১৫ পর্যবেক্ষণ:**

**১৫.১ বাস্তব কাজের অগ্রগতি:**

প্রকল্প অফিস পরিদর্শনকালে জানা যায় যে, মূল স্যাটেলাইট নির্মাণের ১০০ ভাগ এবং গ্রাউন্ড স্টেশন নির্মাণের ৯৮ ভাগ কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। বর্তমান কর্মপরিকল্পনা অনুযায়ী বিগত ১১ মে, ২০১৮ তারিখ স্যাটেলাইট উৎক্ষেপণ করা হয়েছে।

**১৫.২ কোম্পানী গঠন করা:**

প্রকল্পের আওতায় নির্মিতব্য স্যাটেলাইটটি রক্ষণাবেক্ষণ ও বাণিজ্যিক পরিচালনার জন্য "বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানী লিমিটেড" নামীয় একটি স্বতন্ত্র কোম্পানী গঠন করা হয়েছে। প্রকল্প সমাপ্তির পর প্রকল্পের আওতায় সম্পাদিত সকল কার্যক্রম উক্ত কোম্পানীর নিকট হস্তান্তর করা হবে।

**১৫.৩ কারিগরী প্রশিক্ষণ:**

স্যাটেলাইট উৎক্ষেপণের পর ভূমি হতে নিয়ন্ত্রণ ও পরিচালনার জন্য বিটিআরসি, বঙ্গবন্ধু স্যাটেলাইট উৎক্ষেপণ প্রকল্প এবং বাংলাদেশ কমিউনিকেশন স্যাটেলাইট কোম্পানী (বিসিএসসিএল) হতে মোট ৩০ জন কে Thales Alenia Space (TAS) এর ফ্যাসিলিটিতে তাত্বিক প্রশিক্ষণের জন্য প্রেরণ করা হয়। দুই ভাগে বিভক্ত এই প্রশিক্ষণ প্রোগ্রামের আওতায় Network Operation Control Center (NOCC) পরিচালনার জন্য ১৬ জন এবং Satellite Operation Control Center (SOCC) পরিচালনার জন্য ১৪ জন Thales এর ফ্যাসিলিটিতে বিভিন্ন মেয়াদী (সর্বোচ্চ ০২মাস) প্রশিক্ষণ প্রোগ্রামে অংশ গ্রহণ করে।

**১৫.৪ আর্থিক অগ্রগতি কম হওয়া:**

প্রকল্পটির অনুকূলে ২০১৭-২০১৮ অর্থবছরে সংশোধিত এডিপিতে ৫১,৮০০.০০ লক্ষ টাকা বরাদ্দ রয়েছে। কিন্তু মে, ২০১৮ পর্যন্ত অত্র প্রকল্পের অনুকূলে ব্যয় হয়েছে ৬৯১৭.৯৬ লক্ষ টাকা **(১৩.৩৬%)**।

**১৫.৫ বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ সফলভাবে মহাকাশে উৎক্ষেপণ:**

বঙ্গবন্ধু স্যাটেলাইট-১ সফলভাবে মহাকাশে উৎক্ষেপণ করা হয়েছে। গত ২২/০৫/২০১৮ তারিখের মধ্যে LEOP সম্পন্ন করা হয়েছে। বর্তমানে গাজীপুর হতে TAS এর কারিগরী বিশেষজ্ঞদের তত্ত্বাবধানে IOT কার্যক্রম চলমান আছে যা ০৬/০৬/২০১৮ তারিখে সম্পন্ন হবে। LEOP সম্পন্ন হওয়ার পর আগামী আগস্ট/২০১৮ মাসের মধ্যে Network Acceptance সম্পন্ন হবে বলে TAS জানিয়েছে। এসকল কারিগরী পরীক্ষা নিরীক্ষা সম্পন্ন করে স্যাটেলাইটটি চূড়ান্তভাবে আগামী সেপ্টেম্বর/২০১৮ নাগাদ হস্তান্তর করতে পারবে বলে TAS মৌখিকভাবে প্রকল্প দপ্তর কে জানিয়েছে। এছাড়া দুটি গ্রাউন্ড স্টেশনের নির্মাণ কাজ সমাপ্ত হয়ে এখন বুঝে নেয়ার কাজ চলছে।

**১৬। আইএমইডি'র সুপারিশ/মতামত:**

সার্বিক বিবেচনায় আলোচ্য প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম ত্বরান্বিত করার জন্য ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ডিসেম্বর, ২০১৮ পর্যন্ত ৬ (ছয়) মাস নিম্নোক্ত শর্তে বৃদ্ধি করা যেতে পারেঃ

১৬.১ প্রস্তাবিত বর্ধিত সময়ের অবশিষ্ট কাজের ওয়ার্ক প্ল্যান প্রস্তুত করে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে তা বাস্তবায়নে প্রকল্প পরিচালককে নিয়মিত মনিটরিং করতে হবে;

১৬.২ প্রকল্পের আওতায় সম্পাদিত কাজ পরিচালনার নিমিত্ত গঠিত কোম্পানীর সক্ষমতা বৃদ্ধি ও কর্মানুগ করার বিষয়টি বাস্তবায়নকারী সংস্থা ও সংশ্লিষ্ট মন্ত্রণালয় কর্তৃক নিশ্চিত করতে হবে;

১৬.৩ নির্মিতব্য স্যাটেলাইট পরিচালনা ও রক্ষণাবেক্ষণের নিমিত্ত প্রয়োজনীয় জনবল নিয়োজিত করে প্রশিক্ষণের মাধ্যমে তাদের দক্ষতা নিশ্চিত করতে হবে;

১৬.৪ গুণগতমান অক্ষুন্ন রেখে প্রকল্পের আওতায় বরাদ্দকৃত অর্থ ব্যয় নিশ্চিত করতে হবে;

১৬.৫ প্রকল্পের অগ্রগতি সম্পর্কিত তথ্যাদি (আইএমইডি/০৫ ও আইএমইডি/০৩) ছকে নিয়মিতভাবে প্রশাসনিক মন্ত্রণালয়ের মাধ্যমে আইএমইডিতে প্রেরণের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; এবং

১৬.৫ প্রকল্প সমাপ্তির ৩ (তিন) মাসের মধ্যে প্রকল্পের PCR (Project Completion Report) দাখিল করতে হবে।

পরিদর্শনকারী কর্মকর্তা

স্বাক্ষর (স্বাক্ষরিত) ২৭/৮/১৮

নামমোহাম্মদ এনামুল আহসান :
পদবীউপপরিচালক :
তারিখ : ২৭.০৮.১৮
ফোন নম্বর :৯১৮০৭০৬